যে ব্যক্তি আল্লাহর জন্যে মাসজিদ নির্মাণ করল, আল্লাহ তা‘আলা তার জন্যে জান্নাতে অনুরূপ তৈরি করবেন”।

মাহমূদ বিন লাবীদ রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত: ‘উসমান ইবনু ‘আফ্ফান রাদিয়াল্লাহু ‘আনহু মসজিদ (মাসজিদুন নাববী) নির্মাণ করার ইচ্ছা করলেন তখন লোকেরা তা অপছন্দ করলেন এবং তারা মসজিদকে তার অবস্থাতে রেখে দিতে পছন্দ করলেন। তখন তিনি বললেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছিঃ “যে ব্যক্তি আল্লাহর জন্যে মাসজিদ নির্মাণ করল, আল্লাহ তা‘আলা তার জন্যে জান্নাতে অনুরূপ তৈরি করবেন”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

‘উসমান রাদিয়াল্লাহু ‘আনহু মসজিদে নববীকে তার প্রথম অবকাঠামোর চেয়ে সুন্দর অবকাঠামোতে তৈরি করার ইচ্ছা করলেন। মানুষেরা তা অপছন্দ করলেন, কারণ তার ভেতর ছিল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের যুগে তৈরি করা মসজিদের আকৃতির পরিবর্তন। মসজিদটি ইটা দিয়ে তৈরি করা ছিল এবং তার ছাদ ছিল খেজুরের ঢাল, কিন্তু উসমান তা পাথর ও প্লাস্টার দ্বারা নির্মাণ করতে চাইলেন। তখন উসমান রাদিয়াল্লাহু ‘আনহু তাদেরকে সংবাদ দিলেন, তিনি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন, যে ব্যক্তি আল্লাহ তা‘আলার সন্তুষ্টির উদ্দেশ্যে মসজিদ নির্মাণ করল, কোনো রিয়া-দেখানো ও সুখ্যাতির জন্য নয়, আল্লাহ তাকে তার আমল অনুযায়ী উত্তম বিনিময় দান করবেন। আর এই বিনিময় হলো তার জন্যে তার অনুরূপ জান্নাতে নির্মাণ করা।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65089